ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



নজর কাড়লেন আলিয়া

পৃঃ ৫



আইপিএলে ফিরছেন পান্ত

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০৫৪ ● কলকাতা ● ১২ ফাল্গুন, ১৪৩০ ● রবিবার ● ২৫ ফেব্রুয়ারী, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## শাসকদলকে ছাপিয়ে

## আসন দখল করবে বিজেপি! জনমত সমীক্ষায় বিরাট রদবদল




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সন্দেশখালি কাণ্ডে কাঠগড়ায় বাংলার শাসকদল। রাজ্যের মিডিয়া তো বটেই পাশাপাশি জাতীয় মিডিয়াতেও শিরোনামে শেখ শাহজাহানের কর্মকাণ্ড। ঘটনা চাউর হতেই শাসকদলের বিরুদ্ধে একটার পর একটা তোপ দেগে চলেছে বিজেপি ।যেখানে বাংলায় বিজেপির দখলে থাকবে ৪১.৭৮ শতাংশ ভোট। গতবারের চেয়ে ১১টি বেশি আসন নিয়ে মোট ২৯টি আসন জিততে পারে গেরুয়া শিবির। ওদিকে জোটসঙ্গী সিপি আই এম-এর মতো কংগ্রেসর দৌড়ও শূন্য অবধিই বলে রিপোর্ট পেশ করেছে জনমত সমীক্ষা।

যদিও কেবল দ্য ফেডেরাল পুঁথিয়া থালাউমুরাই অ্যাপ্ট ২০২৪ সংস্থাটিই বাংলায় সমীক্ষা চালাচ্ছেনা। এছাড়াও একাধিক সংস্থা সমীক্ষা শুরু করেছে বাংলায়। সেরকমই অপর একটি সংস্থা হল মুড অফ দ্য নেশন। এই সংস্থার দাবি, আসন্ন নির্বাচনে মোট ২২টি আসন থাকবে তৃণমূলের

এরপর ৩ পাতায়

## সন্দেশখালির আঁচ

# এবার জেএনইউ-তে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** রাজ্য ছাড়িয়ে জাতীয় রাজনীতিতে পৌঁছেছে সন্দেশখালির আঁচ। বিজেপির রাষ্ট্রীয় অধিবেশনেও আলোচনা হয়েছে এই ইস্যুতে। এবার সেই ইস্যু পৌঁছল দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে। সন্দেশখালিতে কী কী ঘটছে, মহিলাদের ওপর নির্যাতনের কোন ছবি উঠে এসেছে, তা নিয়ে ছাত্র ও অধ্যাপকদের সমাজকে অবহিত করতে উদ্যোগী বিজেপি।এদিকে, শাহজাহান নিখোঁজ হওয়ার পর থেকে প্রায় ৫০ দিন কেটে গিয়েছে। এখনও সন্দেশখালির পরিস্থিতি শান্ত হয়নি। সন্দেশখালি, জেলিয়াখালির পর এবার উত্তপ্ত হয়েছে বেড়মজুর। শাহজাহানের ভাইয়ের বিরুদ্ধে জমি দখলের অভিযোগ তুলে রাস্তায় নেমেছেন এলাকার মহিলারা। আগুন জ্বালিয়ে দেওয়া হয়েছে ভেড়ির আলাঘরে। পরিস্থিতি সামাল দিতে হিমশিম খেতে হয়েছে পুলিশকে।

শনিবার সন্ধ্যায় এবিভিপি-র তরফ থেকে একটি সেমিনারের আয়োজন করা হয়েছে এদিন। সেখানে বক্তব্য রাখবেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ও বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

এদিন ইউনিভার্সিটি ক্যাম্পাসেই হবে এই সেমিনার। শিপ্রা হোস্টেল মেসে সেই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো হয়েছে সুকান্ত মজুমদারকে। অনুষ্ঠানের শিরোনাম, 'শ্যাটারিং সাইলেন্স, আনভেইলিং দ্য রিয়্যালিটি অব পলিটিক্যাল ভায়োলেন্স

এরপর ৩ পাতায়

## কবে কার্যকর হবে নয়া দণ্ডসংহিতা আইন?

# লোকসভার আগে বড়সড় ঘোষণা কেন্দ্রের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনের পরই দেশে কার্যকর হয়ে যাবে নয়া দণ্ডসংহিতা আইন। শনিবার বিরাট ঘোষণা করে দিল কেন্দ্র। গত বছরের শেষদিকে দেশের পুরনো ফৌজদারি আইনের পরিবর্তে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য বিল পাশ করায় কেন্দ্র।লোকসভা নির্বাচনের আগেই কেন্দ্রের এই ঘোষণা বেশ তাৎপর্যপূর্ণ। মোদি সরকার বলছে, ভোট মেটার পর কার্যকর হবে এই 'বিতর্কিত' আইন। অর্থাৎ লোকসভা নির্বাচনে ক্ষমতায় প্রত্যাবর্তনের ব্যাপারে পুরোপুরি আত্মবিশ্বাসী বিজেপি।সেগুলি কার্যকর করা বা ভারতীয় দণ্ডবিধির ১২৪(ক) ধারা বদলে ফেলার উদ্যোগ নিয়েছে কেন্দ্র। ইন্ডিয়ান পেনাল কোড, কোড অফ ক্রিমিন্যাল প্রসিডিউর বা সিআরপিসি, এবং ভারতীয় সাক্ষ্য আইন বা ইন্ডিয়ান এভিডেন্স অ্যাক্ট এই তিন আইনের বদলের জন্য বিল পাশ হয়েছে সংসদে। ১৮৬০ সালের ইন্ডিয়ান পেনাল কোড বা ভারতীয় দণ্ডবিধি এবার হতে চলেছে ভারতীয় ন্যায় সংহিতা। সিআরপিসি বদলে গিয়ে হবে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা। এবং এভিডেন্স অ্যাক্ট বদলে হবে ভারতীয় সাক্ষ্য আইন।এই তিন বিল নিয়ে একযোগে আপত্তি জানিয়েছে বিরোধীরা। ইন্ডিয়া জোটের তরফে অভিযোগ করা হয়, সরকার এই আইন নিয়ে বড্ড তাড়াহুড়ো করছে। এই আইনের বিরোধিতায় সবচেয়ে বেশি সরব ছিলেন এরাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । তাঁর বক্তব্য ছিল, "এই তিন বিল ভারতের সামগ্রিক নীতির উপর শুধু প্রভাব ফেলবে, তাই নয়। ভারতের জনজীবনের উপর এর দীর্ঘমেয়াদি প্রভাব পড়বে। এই তিনটি বিল নিয়ে সব পক্ষে সঙ্গে যতবেশি সম্ভব আলোচনা করা উচিত।" বিরোধীদের আপত্তির আরেকটা জায়গা ছিল, নয়া দণ্ড সংহিতায় ঘুরপথে রাষ্ট্রদ্রোহ আইনকে আরও প্রবলভাবে কার্যকর করা হবে।

## বাতিল পৃথক মুসলিম বিবাহ আইন,


## অভিন্ন দেওয়ানি বিধির দিকে আরও এগোলো অসম



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনের আগে অভিন্ন দেওয়ানি বিধির দিকে আরও একধাপ এগোলো বিজেপি শাসিত অসম। সেরাজ্যে পৃথক মুসলিম বিবাহ এবং বিচ্ছেদ আইন বাতিল করে দিল বিজেপি সরকার। ফলে এখন থেকে মুসলিমদের বিবাহ ও বিচ্ছেদ, সবটাই করাতে হবে স্পেশ্যাল ম্যারেজ অ্যাক্টের অধীনে। অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা সদ্যই জানিয়েছেন, সেরাজ্যেও অভিন্ন দেওয়ানি বিধি কার্যকর করা হবে। উত্তরাখণ্ডে যে অভিন্ন দেওয়ানি বিধি চালু হয়েছে, সেই খসড়া অসমেও চালু করা যায় কিনা, সেটা খতিয়ে দেখছে অসম সরকার। অসমজুড়ে জল্পনা, বিধানসভার চলতি বাজেট অধিবেশনেই এই অভিন্ন দেওয়ানি বিধি বিল পেশ করা যেতে পারে। তাছাড়া সেরাজ্যে বহু বিবাহ বিরোধী বিল আসতে চলেছে। সেইমতো

এরপর ৩ পাতায়



## চকমকে করে দেবসোনার গয়না,

# প্রলোভন দেখিয়ে সর্বস্ব অলঙ্কার হাতিয়ে পলাতক দুই প্রতারক



**আমিরুল ইসলাম, হরিশ্চন্দ্রপুর, মালদা : নিউজ সারাদিন :** চোখের সামনেই গয়না পরিষ্কার করতে এসে গৃহকর্তার পাঁচ লক্ষাধিক টাকার সোনার গয়না হাপিস করে পালাল দুই দুষ্কৃতী। সন্ধ্যা রাতের এই ঘটনায় রীতিমতো শোরগোল পড়ে গিয়েছে মালদা জেলার হরিশ্চন্দ্রপুর থানা এলাকা জুড়ে। হরিশ্চন্দ্রপুর সদর এলাকার এই ঘটনায় আতঙ্কে স্থানীয় বাসিন্দারা। ঘটনাটি ঘটেছে হরিশ্চন্দ্রপুরের হাসপাতাল রোড এলাকায়। ঘটনার খবর পেয়ে ওই এলাকায় ছুটে যায় হরিশ্চন্দ্রপুর থানার বিশাল পুলিশ বাহিনী। যদিও ততক্ষণে ওই দুই দুষ্কৃতী এলাকা ছেড়ে পালিয়ে গিয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, শুক্রবার হরিশ্চন্দ্রপুর হাসপাতাল রোডের বাসিন্দা তথা পাট ব্যবসায়ী পাপ্পু চৌধুরীর বাড়িতে প্রথমে অচেনা দুই ব্যাক্তি এসে মোটর-সাইকেলে হাজির হয়। তারা পাপ্পু বাবুকে জানায় তাদের কাছে বিশেষ পাউডার এবং স্প্রে রয়েছে। যা দিয়ে নিমেষে সোনার গয়না পরিষ্কার হয়ে যাবে। কিন্তু পাপ্পু চৌধুরী ওই দুই ব্যক্তিকে বাড়ি থেকে বের করে দেন। এরপরই ওই দুই ব্যক্তি পাশের আরেক পাট ব্যবসায়ী কেশর মল জৈনের বাড়িতে ঢুকে তার তিন তলায় বসার ঘরে গিয়ে একই প্রস্তাব দেন। কেশরমল বাবু বিশ্বাস করে তাদের হাতে বেশ কিছু সোনার গয়না পরিষ্কারের জন্য দেন। কিন্তু গয়না পরিষ্কার করার ছলে নিমেষের মধ্যে ওই গয়না গুলি হাপিস করে দিয়ে চোখের পলকের মধ্যেই তারা দ্রুত বেগে পালিয়ে যায়। বৃদ্ধ কেশর মলের চ্যাঁচামেচিতে বাড়ির লোকজন বেরিয়েও ওই দুই দুষ্কৃতীকে ধরতে পারে নি। খবর দেওয়া হয় হরিশ্চন্দ্রপুর পুলিশে। রাস্তায় থাকা সিসিটিভি ফুটেজে দুষ্কৃতীদের ছবি ধরা পড়েছে বলে খবর। খবর পেয়ে ছুটে আসে হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ। ঘটনার তদন্ত চলছে বলে জানা যায় পুলিশ সূত্রে।

## প্রভুপাদ শীল ভক্তি সিদ্ধান্ত


# সরস্বতী গোস্বামী ঠাকুরের সার্ধশতবর্ষ উত্তীর্ণ সম্পর্কে সাংবাদিক সম্মেলন



**নবদ্বীপ, নদিয়া : নিউজ সারাদিন :** নদীয়া জেলার নবদ্বীপ ব্লকের মায়াপুর শ্রীচৈতন্য মঠের পক্ষ থেকে শ্রী ভক্তি সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের আবির্ভাবের সার্ধশতবর্ষ উদযাপন কমিটির পক্ষ থেকে সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয় কৃষ্ণনগর২৪ শে ফেব্রুয়ারি শনিবার দুপুর ১২ টায় । এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সার্ধ শতবর্ষ উত্তীর্ণ কমিটির সহ-সভাপতি মঠের দায়িত্বপ্রাপ্ত শ্রীলভক্তি ভূষণ তূর্য্যাশ্রমী মহারাজ, সম্পাদক মহামান্য কলিকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি শ্রীযুক্ত পার্থসখা দত্ত, কৃষ্ণনগর কোর্টের আইনজীবী শ্যামাপ্রসাদ সিংহ রায়, হৃদয় ঘোষ। এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন নদীয়া জেলার সাংবাদিক বন্ধুরা।

সাংবাদিক সম্মেলনে সার্ধ শতবর্ষ উত্তীর্ণ উদযাপন কমিটির সম্পাদক পার্থ সখা দত্ত মহাশয় বলেন- বৈষ্ণব জগতে হিসেবে খ্যাত জগদগুরু প্রভুপাদ ও শ্রীল ভক্তি সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ১৮৭৪ খ্রিস্টাব্দের ৬ই ফেব্রুয়ারি ভক্তিবিনোদ ঠাকুর ও ভগবতী দেবীর চতুর্থ সন্তান রূপে মত্ত প্রেরণ করেন। ১৯০০ খ্রিস্টাব্দের শ্রিল ভক্তিবিনোদ ঠাকুরের অনুমতিক্রম সরস্বতী ঠাকুর শ্রীল গৌড় কিশোর দাস বাবাজি মহারাজের চরণ আশ্রয় করেন এবং দীক্ষাকালে তার নাম হয় 'শ্রীবার্যভানবীদয়িত দাস '। ১৯০৫ খ্রিস্টাব্দ থেকে শ্রীল সরস্বতী ঠাকুর শ্রীধাম মায়াপুরে অবস্থান পূর্বক শ্রীমন মহাপ্রভুর প্রেম ধর্মের বাণীয় প্রচার করতে শুরু করেন। শ্রীমন মহাপ্রভুর মাসির বাড়ি ছোট কুটির বেঁধে বাস করতে শুরু করেন এবং নাম যজ্ঞ উদযাপন করেন। ১৯১৮ খ্রিস্টাব্দের সাতাশে মার্চ শ্রী গৌড় হরি আবির্ভাব তিথিতে শ্রীল সরস্বতী ঠাকুর ত্রিদন্ডী সন্ন্যাসী গ্রহণ করেন এবং শ্রীচৈতন্য মহাপ্রভুর বিগ্রহ স্থাপন করেন। তিনি সারা ভারতবর্ষে বিভিন্ন দেশে ৬৪ টি মঠ স্থাপন করে শ্রীরূপ রঘুনাথের বাণী প্রচার করেছেন। গোস্বামী শাস্ত্র সম্বন্ধীয় এবং শ্রীমধ্ব ও শ্রী সম্প্রদায় বিষয়ক ২০০ বেশি মূল গ্রন্থ তিনি প্রচার করেছেন। সাত থেকে আটটি ভাষায় ধর্ম বিষয়ক পত্রিকার সম্পাদনা এবং সারা ভারতে মহাপ্রভুর পারমার্থিক বার্তা শ্রবণ ও কীর্তনের সু বন্দোবস্ত

এরপর ৩ পাতায়







## বিদেশি মদ বিক্রির অভিযোগে

# শাশড়া থেকে গ্রেফতার ১, উদ্ধার বিপুল পরিমাণ বিদেশী মদ

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম: নিউজ সারাদিন :** গোপন সূত্রে অবৈধ ভাবে বিদেশি মদ বিক্রির অভিযোগ পেয়ে শুক্রবার ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর এক ব্লকের শাশড়া চকে একটি বিদেশী মদের দোকানে অভিযান চালিয়ে কয়েক হাজার টাকার বিদেশি মদ উদ্ধার করল গোপীবল্লভপুর থানার পুলিশ। এদিন গোপীবল্লভপুর থানার পুলিশ আধিকারিক দেবাশীষ মালের নেতৃত্বে গোপীবল্লভপুর থানার পুলিশ অতর্কিতে অবৈধভাবে বিদেশি মদ বিক্রির দোকানে অভিযান চালায়। গোপীবল্লভপুর থানার শাশড়া চকের একটি বিদেশী মদের দোকান থেকে ৭৪ বোতল বিদেশি মদ উদ্ধার করে। পুলিশ সূত্রে আরো জানা গেছে, বিদেশী মদ বিক্রির অভিযোগে এক ব্যাক্তিকে গ্রেফতার করে গোপীবল্লভপুর থানার পুলিশ। ইতিমধ্যে পুরো ঘটনার তদন্তে নেমেছে পুলিশ। বেআইনিভাবে কোনো অনুমতি ছাড়া অবৈধভাবে গোপনে বিদেশি মদ এনে বিক্রি করতেন ওই দোকানদার । গোপন সূত্রে খবর পাওয়ার পর পুলিশের পক্ষ থেকে কয়েকদিন ধরে নজরদারী শুরু করা হয়েছিল। অভিযোগ সত্য বলে অনুমান করে শুক্রবার দিনভর তল্লাশি চালায় গোপীবল্লভপুর থানার পুলিশ। পুলিশ তল্লাশি চালিয়ে কয়েক হাজার টাকার বিদেশী মদ উদ্ধার করে । ওই ঘটনায় পুলিশ গ্রেফতার করে ওই দোকানদার কে। শনিবার অভিযুক্ত ব্যক্তিকে ঝাড়গ্রাম আদালতে পেশ করে পুলিশ। আদালতে পেশ করলে মহামান্য বিচারক জেল হেফাজতের নির্দেশ দেন। তবে ওই ঘটনাকে কেন্দ্র করে গোপীবল্লভপুর থানা এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। পুলিশের পক্ষ থেকে চোলাই মদের বিরুদ্ধে যখন অভিযান চলছে সেই সময় বেআইনিভাবে কিছু মানুষ বিদেশী মদ গোপনে বিক্রি করছে বলে পুলিশ সূত্রে জানা যায়। তাই পুলিশের পক্ষ থেকে অভিযান চালিয়ে বিদেশি মদ উদ্ধার করা হয় বলে জানা গেছে। এই প্রসঙ্গে গোপীবল্লভপুরের এসডিপিও পারভেজ সারফারাজ বলেন, অবৈধ ভাবে বিদেশি মদ বিক্রির বিরুদ্ধে পুলিশের লাগাতার অভিযান চলবে। আগামী দিনে অবৈধ বিদেশী মদের সাথে যুক্ত যারা পুলিশ প্রশাসনের পক্ষ থেকে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## মানিকচকে নমামি গঙ্গার সচেতনমূলক ক্যাম্প




**মানিকচক : নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক ওয়েস্ট বেঙ্গল স্টেট ম্যানেজমেন্ট গ্রুপের নির্দেশিকায় মালদা জেলা গঙ্গা কমিটির উদ্যোগে গঙ্গা নদী দূষণ মুক্ত রাখার বার্তা সমাজের সকল স্তরের মানুষের মাঝে পৌঁছে দেওয়ার লক্ষ্যে মানিকচকের ফেরি ঘাটে সচেতনতামূলক প্রচার।

গঙ্গাকে দূষণমুক্ত করার লক্ষ্যে ভক্তদের মাঝে অভিনব প্রচার চালিয়ে গেলেন মালদার নমামী গঙ্গার সকল গঙ্গা দূত সদস্যরা। এই প্রচারকে সাফল্যমন্ডিত করার জন্য জেলা প্রকল্প আধিকারীক সুব্রত দাস নিজে উপস্থিত থেকে ভক্তদের মাঝেদের সচেতনতা বার্তা পৌঁছে দেন। শুধু তাই নয় গঙ্গাজল কে দূষণমুক্ত করার জন্য গঙ্গার জলে সাবান ,

এরপর ৩ পাতায়

## পুলিশের পোশাক দেখেই

# সন্দেহ মীনাক্ষীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** একদিকে মীনাক্ষী মুখোপাধ্যায়। তাঁর ঠিক উল্টোদিকে তখন র‍্যাফ। আর মহিলা পুলিশ আধিকারিক। সন্দেশখালির ভিতরে ঢুকতে দেওয়া যাবে না এই হল পুলিশের মূল দাবি। এরপরই মীনাক্ষী পুলিশকে প্রশ্ন করেন, 'কেন যাব না?' 'আমরা কি তাহলে চলে যাব?' 'থানায় যাব', 'কী করব..প্রসঙ্গত, আজ সন্দেশখালি যাওয়ার পর বাধা পেতেই অবস্থানে বসেন মীনাক্ষীরা। ১৪৪ ধারার যুক্তি দেখায় পুলিশ। পাল্টা বাম নেত্রী দাবি করেন, ১৪৪ ধারা জারি থাকলেও দু'জন প্রতিনিধি অন্তত সেখানে যেতে পারবেন। কিন্তু এতেও রাজী হননি পুলিশ আধিকারিকরা। আরে বলুন কিছু - ইত্যাদি-ইত্যাদি। কিছু পুলিশ 'স্পিকটি নট'। কোনও উত্তরই দিচ্ছে না। এই সময় হঠাই বাম নেত্রীর সন্দেহ হয় যাঁরা তাঁদের পথ আটকে দাঁড়িয়ে রয়েছেন, তাঁরা আদৌ পুলিশ আধিকারিক তো? কারণ, অতীতে, সন্দেশখালির একাংশ মহিলারা দাবি করেছেন, রাত্রিবেলা পুলিশের পোশাকে এস তাঁদের বাড়ি ভাঙচুর করে। এবার সেই একই প্রশ্ন উস্কে দিলেন বাম নেত্রী।

আজ যখন বাম নেত্রীর পথ আটকায় পুলিশ, সেই সময় আচমকা মীনাক্ষী বলে ওঠেন, "এই তোমার নাম কী গো? তোমাদের নেমপ্লেট কোথায়?" পরক্ষণেই বলে ওঠেন, "ছবি তোল, পুলিশের পোশাকে তৃণমূল কর্মীরা এসেছেন। এরা পুলিশ তো? মুখ ঢাকা কেন?" পাশ থেকে বাম কর্মীরা মহিলা পুলিশ কর্মীদের নখ দেখে মন্তব্য করেন। বাদ যাননি মীনাক্ষী। তিনি বলেন, "এদের নখ বড় কেন? নেলপলিশ পরে আছে পুলিশ কর্মী? এরা কেউ পুলিশের লোক নাকি। এদের নখ দেখলেই বোঝা যাচ্ছে এরা পুলিশের কর্মী নয়। সব তৃণমূল কর্মী।"

## ডায়মন্ড হারবার রবীন্দ্রভবনে শুরু হল

# ক্লাসিক্যাল মিউজিক ফেস্টিভ্যাল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আজ মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে পশ্চিমবঙ্গ রাজ্য সংগীত আকাদেমির আয়োজনে ও দক্ষিণ ২৪ পরগনা জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় ডায়মন্ড হারবার রবীন্দ্রভবনে শুরু হল ক্লাসিক্যাল মিউজিক

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

## শাসকদলকে ছাপিয়ে আসন দখল করবে বিজেপি! জনমত সমীক্ষায় বিরাট রদবদল

হাতে। যেখানে বিজেপির হাতে যাবে মোট ১৯টি আসন।

যেখানে টি ভি সি এন এক্স তাদের সমীক্ষায় দাবি করেছে, আসন্ন নির্বাচনে মোট ১০টি আসন পাবে গেরুয়া শিবির। যেখানে বাকি ৩২ টির সবগুলোই থাকবে তৃণমূলের দখলে। বাম-কংগ্রেসের ঝুলিতে যেতে পারে ছয় থেকে সাত শতাংশ ভোট। রাজনৈতিক কারবারিদের মতে, ভোটের মুখে সন্দেশখালির এই ঘটনা তৃণমূল কংগ্রেসের জন্য মাথা ব্যাথার কারণ হয়ে উঠতে পারে।

সাম্প্রতিক জনমত সমীক্ষা বলছে রাজনৈতিক বিশ্লেষকদের ধারণাই ঠিক। সমীক্ষা বলছে, আসন্ন নির্বাচনে ভালো ধাক্কা খেতে চলেছে মমতার সরকার। কমতে পারে আসন, কমতে পারে ভোট। তৃণমূল কংগ্রেস ব্যাকফুটে গেলেই সেটার ফায়দা তুলবে বঙ্গ বিজেপি। ভোটের লড়াইয়েও অনেকটা এগিয়ে যাবে গেরুয়া শিবির।

সম্প্রতি একটি জনমত সমীক্ষা চালিয়েছে দ্য ফেডেরাল পুঁথিয়া থালাউমুরাই অ্যাপ্ট ২০২৪ নামক একটি সংস্থা। ওপিনিয়ন পোল বলছে, ২০২৪ লোকসভা ভোটে পশ্চিমবঙ্গে নতুন করে খুঁটি পুঁতবে পদ্ম শিবির। সমীক্ষা বলছে তৃণমূলের চেয়ে ইণ্ডিয়া-র জয়ী সাংসদের সংখ্যা বেশি হবে। সমীক্ষা বলছে, বিগত এক দশকে এই প্রথমবার এতটা শোচনীয় অবস্থা হবে তৃণমূলের।

সম্প্রতি দ্য ফেডেরাল পুঁথিয়া থালাউমুরাই অ্যাপ্ট ২০২৪ যে সমীক্ষাটি চালিয়েছে তাতে যে তথ্য সামনে এসেছে তা সত্যিই চমকে দেওয়ার মত। সমীক্ষা বলছে, আসন্ন নির্বাচনে দ্বিতীয় স্থানে জায়গা করবে মমতা বন্দ্যোপাধ্যায়। তৃণমূলের দখলে থাকবে মোট ১৩টি আসন। প্রায় ১১ শতাংশ কম ভোট পাবে তৃণমূল। ভোট পাবে ৩১.৮৬ শতাংশ।

১-ম পাতার পর

## সন্দেশখালির আঁচ এবার জেএনইউ-তে

আগেনস্ট উইমেন ইন ওয়েস্ট বেঙ্গল।' এই প্রসঙ্গে সুকান্ত অধিকারী বলেন, 'ছাত্রদের সামনে বক্তব্য রাখার পরিকল্পনা করা হয়েছে। সন্দেশখালির পরিস্থিতি থেকে বাংলা কীভাবে বেরিয়ে আসতে পারে, তা নিয়ে আলোচনা হবে। কী অবস্থায় মহিলারা মুখ খুলতে বাধ্য হয়েছে, সেগুলোও বলা হবে।' সন্দেশখালির গোটা ছবিটা তুলে ধরা হবে বলে উল্লেখ করেছেন সুকান্ত।

শনিবারই দিল্লি যাচ্ছেন সুকান্ত ও শুভেন্দু। তাঁদের কিছু দলীয় কর্মসূচি আছে বলেও জানিয়েছেন সুকান্ত। ইতিমধ্যেই রাজ্যে সন্দেশখালি ইস্যুকে সামনে রেখে সরব হয়েছে বঙ্গ বিজেপি। সন্দেশখালিতে ঢুকতে গিয়ে বারবার বাধা পেয়েছেন সুকান্ত ও শুভেন্দু। হাইকোর্টে গিয়ে অনুমতি নিয়ে যেতে হয়েছে শুভেন্দুকে।

১-ম পাতার পর

## বাতিল পৃথক মুসলিম বিবাহ আইন, অভিন্ন দেওয়ানি বিধির দিকে আরও এগোলো অসম

প্রস্তুতিও শুরু হয়েছে। অসমের মধ্যেই বাতিল হয়ে গেল মুসলিম বিবাহ আইন। যা ইউসিসির পথে আরও এক ধাপ।শুক্রবার মন্ত্রিসভার বৈঠক শেষে ১৯৩৫ সালের মুসলিম বিবাহ ও বিচ্ছেদ আইন বাতিল করার সিদ্ধান্ত ঘোষণা করা হয়েছে। অসমের মন্ত্রী জয়ন্ত মল্লবড়ুয়া বলছেন, "আমরা অভিন্ন দেওয়ানি বিধির পথে এগোচ্ছি। সেই লক্ষ্যে এই আইন বাতিল করাটা আরও এক পদক্ষেপ।" অসমের ওই মন্ত্রী জানিয়েছেন, অসমে মোট ৯৪ জন মুসলিম বিবাহ রেজিস্ট্রার ছিলেন। তাঁদেরও এই কাজ থেকে নিষ্কৃতি দেওয়া হচ্ছে। ওই ৯৪ জনকে সরকারের তরফে এককালীন ২ লক্ষ টাকা করে সাহায্য করা হবে। ফলে এখন থেকে মুসলিমদের বিবাহের রেজিস্ট্রি করাতে হবে জেলাশাসক এবং জেলা রেজিস্ট্রারের কাছে।

## ফুঁসছে বেড়মজুর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালি থেকে নজর যেন কিছুতেই ঘোরানো যাচ্ছে না। শুক্রবারও দিনভর উত্তপ্ত ছিল বেড়মজুর। এদিন সকাল থেকেও একই ছবি। শাসক নেতার পরিবারের লোকজনকে দেখে তেড়ে গেল গ্রামবাসীরা। অভিযোগের পাহাড়ে বসে ফুঁসছে গোটা গ্রাম। পুলিশ আশ্বাস দিচ্ছে। এডিজি সাউথ বেঙ্গল সুপ্রতিম সরকার নিজে ঘুরছেন এলাকায়।এদিকে গ্রামবাসীদের অভিযোগ শুনতে অভিযোগ গ্রহণ কেন্দ্র তৈরি করেছে পুলিশ। সেখানে এসে নিজেদের সমস্যা-অভিযোগের কথা বলছেন গ্রামবাসীরা। দীর্ঘদিন ধরেই জমেছে অভিযোগের পাহাড়। গ্রামবাসীরা বলছেন, বারবার তা নিয়ে সরব হলেও কোনও লাভ হয়নি। কেউ শুনতে আসেনি তাঁদের কথা। তাতেই ক্ষোভের আগুন শুক্রবার দফায় দফায় জ্বলেছে বেড়মজুর। রাস্তায় নেমে বিক্ষোভ দেখিয়েছেন গ্রামবাসীরা। চলেছে অবরোধ।কিন্তু, তারপরেও বাগে আনা যাচ্ছে না সন্দেশখালিকে। আশ্বাস্ত হচ্ছেন না এলাকার মানুষজন। এদিন সকালে তৃণমূল নেতা বিনয় সর্দারের পরিবারকে দেখতে পেয়ে গ্রামবাসীরা চড়াও হন। হালদারপাড়ায় জনরোষের মুখে পড়ে তৃণমূল নেতা বিনয় সর্দারের পরিবার। ক্যাম্প অফিসে বিনয় সরদারদের সঙ্গে জমি বিবাদের অভিযোগ জানাতে যান গ্রামবাসীরা। তখনই পাশে দাঁড়িয়ে ছিলেন বিনয় সরদারের বাবা ও ভাই। তাদের দেখেই চড়াও হন গ্রামবাসীরা, ঘটনায় আটক ২ জন। পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। এলাকায় ছুটে আসেন সুপ্রতিম সরকারও।শুক্রবারও বেড়মজুরের উত্তেজনার মধ্যে ছুটে আসতে হয়েছিল এডিজি সাউথ বেঙ্গলকে। কলকাতা থেকে ছুটে আসতে হয়েছিল ডিজিকে। আরও বেড়েছে পুলিশি নজরজদারি। পুলিশ কর্তারা কথা বলছেন এলাকার লোকজনের সঙ্গে। সর্বক্ষণের জন্য মোতায়েন রাখা হয়েছে পুলিশের প্রিজন ভ্যান। সোজা কথায় বর্তমানে গোটা বেড়মজুরই যেন একেবারে সন্দেশখালির বর্তমান প্রধান হটস্পট হয়ে রয়েছে। টহল দিচ্ছে র‍্যাফ, কমব্যাট ফোর্স।

২ পাতার পর

## ডায়মন্ড হারবার রবীন্দ্রভবনে শুরু হল ক্লাসিক্যাল মিউজিক ফেস্টিভ্যাল

ফেস্টিভ্যাল। দুদিনের এই অনুষ্ঠানের উদ্বোধনে আজ উপস্থিত ছিলেন বিধায়ক শ্রী পান্নালাল হালদার, অতিরিক্ত জেলাশাসক, জেলা পরিষদ, শ্রী সৌমেন পাল, অপর সংস্কৃতি অধিকর্তা শ্রী কৌস্তভ তরফদার,মহকুমা শাসক ডায়মন্ডহারবার শ্রী অঞ্জন ঘোষ,শ্রী সূর্য ব্যানার্জি,ভারপ্রাপ্ত সচিব,পশ্চিমবঙ্গ রাজ্য সংগীত আকাদেমি, শ্রীদেবজ্যোতি বোস, বিখ্যাত সরোদ বাদক ও সম্মানীয় সদস্য,পশ্চিমবঙ্গ রাজ্য সংগীত আকাদেমি,জেলা পরিষদের অধ্যক্ষ জনাব মুজিবর রহমান, জেলা পরিষদের কর্মাধ্যক্ষ শ্রী জয়ন্ত ভদ্র, শ্রীমতী সোমাশ্রী বেতাল,হাসনা বানু শেখ,জনাব মোক্তার শেখ,ডায়মন্ড হারবার পৌরসভার পৌর প্রধান শ্রী প্রণব দাস প্রমুখ।

২ পাতার পর

## মানিকচকে নমামি গঙ্গার সচেতনমূলক ক্যাম্প

শ্যাম্পু, ডিটারজেন্ট ব্যবহার না করা, পুজোর সামগ্রী নদীতে না ফেলা, জন্য অনুরোধ করা হয়। উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক অনিন্দ্য সরকার,মানিকচক ব্লক বিডিও অনুপ চক্রবর্তী,মানিকচক থানার আইসি পার্থ সারথি হালদার, মানিকচক ব্লক পঞ্চায়েত সমিতি সভাপতি পিংকি মন্ডল, মানিকচক ব্লক পূর্ত কার্য্য এবং পরিবহন দপ্তরের কর্মাধ্যক্ষ অরুপ কুমার দাস, প্রকল্প আধিকারিক সুব্রত দাস মিউনিসিপ্যাল আফিয়ার্স এর আধিকারিক শুভ্র দাস, মানিকচক ব্লকের জয়েন্ট বিডিও ,এছাড়াও অনেক নদীপ্রেমী মানুষ।

পূর্ণদিন উপলক্ষে নমামী গঙ্গার জেলা জেলা প্রকল্প আধিকারিক জানান, মেলা চত্বরে শৌচালয়ের ব্যবস্থা করা হয়। কিছু কিছু জায়গায় প্রয়োজন মতো টয়লেট ও প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা হয়।

২ পাতার পর

## প্রভুপাদ শীল ভক্তি সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের সার্ধশতবর্ষ উত্তীর্ণ সম্পর্কে সাংবাদিক সম্মেলন

করেছেন। ছিল প্রভুপাদের শ্রেষ্ঠ জন শ্রীল ভক্তি বিলাস তীর্থ মহারাজ এবং তার পরবর্তীকালে শ্রীচৈতন্য মঠের প্রাক্তন আচার্যদের শ্রিল
ভক্তি প্রজ্ঞান যতী গোস্বামী মহারাজ এই সমস্ত নিয়ম, রীতি, অনুশীলন শ্রীচৈতন্য মঠ এবং শাখা শ্রী গৌড়ীয় মঠ সমীর সুষ্ঠুভাবে পালন করে এসেছেন যা বর্তমানে শ্রীল ভক্তি স্বরূপ সন্ন্যাসী মহারাজ এর পরিচালনা একইভাবে পালিত হচ্ছে।

২০২৪ খ্রিস্টাব্দের ২৯ শে ফেব্রুয়ারি বৃহস্পতিবার ১৫১ তম আবির্ভাব তিথি উদযাপন। গত এক বছর ধরে শ্রী চৈতন্য মঠের বিভিন্ন শাখামঠ এবং কলিকাতাতেও শ্রীল প্রভুপাদের দেড়শ তম আবির্ভাব তিথি মহাসমারোহে উদযাপিত হয়েছে। এই বছর ২৭ শে ফেব্রুয়ারি থেকে ২৯ শে ফেব্রুয়ারি পর্যন্ত আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠ এর বর্তমান আচার্যদেব ও সাধারণ সম্পাদক শ্রীলভক্তি স্বরূপ সন্ন্যাসী মহারাজের পরিচালনায় তিন দিনব্যাপী এক বিরাট ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে তারা বলেন ২৭ফেব্রুয়ারি মঙ্গলবার বিকেল ৩ ঘটিকায় ধর্মীয় সভার মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা হবে, ২৮ শে ফেব্রুয়ারি আটটায় শিলা ভক্তিকুমার পরি মহারাজের পরিচালনায় এক বিরাটনগর সংকীর্তন ও শোভাযাত্রার আয়োজন করা হবে। বিকেলে ধর্মীয় সভা অনুষ্ঠিত হবে। এ সবাই উপস্থিত থাকবেন মঠের আচার্যদেব, অন্যান্য সন্ন্যাসী বৃন্দ মহামান্য কলিকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতিগণ এবং আরো অনেক বিশিষ্ট অতিথিবর্গ। যে দিনের প্রতীক্ষায় এই অনুষ্ঠানের সূত্রপাত ২৯ শে ফেব্রুয়ারি ১৫০ তম শ্রীব্যাস পূজা তিথি। এই দিন দুপুর একটার সময় উপস্থিত হবেন পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস। মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বর্তমান রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এবং কর্নাটক হাইকোর্টের মাননীয় প্রাক্তন প্রধান বিচারপতি শুভ্র কমল মুখার্জি মহাশয়। শ্রীল তূর্যা শ্রমী মহারাজ জানান এই মহতী ধর্মীয় সভার শেষে আগত সকল মহামান্য অতিথিবৃন্দ এবং সকল ভক্তগণকে বিচিত্র মহাপ্রসাদ দ্বারা আপ্যায়িত করা হবে। সকল শ্রেণীর ভক্তবৃন্দকে এই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আন্তরিক ভাবে আমন্ত্রণ জানিয়েছেন মঠের পক্ষ থেকে।

## আগামী সপ্তাহেই ১০০ আসনের প্রার্থী তালিকা ঘোষণা বিজেপির

**নয়াদিল্লি: নিউজ সারাদিন :** লোকসভা ভোটের জন্য প্রার্থী তালিকা ঘোষণাতেও বিরোধী দলগুলিকে টেক্কা দিতে চায় বিজেপি। তাই নির্বাচন কমিশন আনুষ্ঠানিকভাবে ভোট নির্ঘন্ট ঘোষণার আগেই প্রথম দফায় ১০০ আসনের প্রার্থী তালিকা ঘোষণা করছে বিজেপি শীর্ষ নেতৃত্ব। প্রথম দফায় যাদের নাম প্রার্থী হিসাবে ঘোষণা করা হবে তাদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

সূত্রের খবর, আগামী বৃহস্পতিবার প্রথম দফার প্রার্থী তালিকা চূড়ান্ত করতে প্রধানমন্ত্রীর পৌরাহিত্যে বিজেপির কেন্দ্রীয় নির্বাচনী সমিতির বৈঠক বসছে। যে সব আসনে দলের জয় নিশ্চিত প্রথমে সেই আসনগুলির প্রার্থী তালিকা ঘোষণা করা হবে। তার পরে ধাপে-ধাপে বাকি আসনের প্রার্থী তালিকা ঘোষিত হবে। উল্লেখ্য, আগামী লোকসভা ভোটে ৩৭০ আসনে জয়ের লক্ষ্যকে সামনে রেখে ঝাঁপাচ্ছে পদ্ম শিবির। প্রথমজন এবারেও বারাণসী থেকে প্রার্থী হচ্ছেন। আর শাহ দাঁড়াচ্ছেন গুজরাতের গান্ধিনগর থেকে।

আগামী ১৩ মার্চের পরে যে কোনও দিন নির্বাচন কমিশন লোকসভা ভোটের নির্ঘন্ট ঘোষণা করতে পারে বলে খবর। সাত থেকে ৯ দফায় দেশজুড়ে ভোট হবে বলে মনে করা হচ্ছে। তবে কমিশনের ভোট নির্ঘন্ট ঘোষণার সঙ্গে সঙ্গেই যাতে দলীয় প্রার্থীরা প্রচারে ঝাঁপাতে পারেন, তার জন্য আগেভাগেই প্রার্থী তালিকা ঘোষণা করতে চাইছে বিজেপি শীর্ষ নেতৃত্ব। তাছাড়া আগেভাগে তালিকা ঘোষিত হলে প্রার্থী নিয়ে ক্ষোভ-বিক্ষোভ যেমন সামাল দেওয়া যাবে, তেমনই সাধারণ মানুষের ক্ষোভ-বিক্ষোভ জেনে প্রতিকারের রাস্তা হাঁটার সুযোগ থাকবে বলেও মনে করছেন মোদি-শাহরা।






## আলিঙ্গন থেকে যুদ্ধবিমানের সওয়ারি, হুবহু মোদিকে 'কপি' পুতিনের!

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তাঁর সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির গভীর বন্ধুত্বের কথা সকলের জানা। একাধিকবার বন্ধুর প্রশংসায় পঞ্চমুখ হয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। এবার ভারতের প্রধানমন্ত্রীকেই হুবহু নকল করে ফেললেন তিনি! এক বিশিষ্ট ব্যক্তিকে পুরো 'মোদি স্টাইলে' জড়িয়ে ধরলেন রুশ প্রেসিডেন্ট। উল্লেখ্য, ২৪ ফ্রেব্রুয়ারি, শনিবার দুবছর পূর্ণ হল রাশিয়া-ইউক্রেন যুদ্ধের। ২০২২ সালে আজকের দিনেই ইউক্রেনের বিরুদ্ধে সামরিক অভিযান ঘোষণা করেছিলেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তার পরই বাঁধভাঙা জলের মতো ঢুকতে শুরু করেছিল রাশিয়ান ফৌজ।



শুরুর দিকে পিছু হঠলেও, দ্রুত পালটা মার দিতে শুরু করে ইউক্রেনীয় সেনা। আমেরিকা ও ন্যাটো সামরিক জোটের মিসাইল, বোমায় বলীয়ান হয়ে বর্তমানে রণক্ষেত্রের ছবি পালটে দিয়েছে কিয়েভ।নমোর মতোই সওয়ার হলেন যুদ্ধবিমানেও। জানা গিয়েছে, বৃহস্পতিবার পুতিনের সঙ্গে দেখা হয় রাশিয়ার তাতারস্তানের প্রধান রুস্তম নুরগালিয়াভিচের। সৌজন্য বিনিময়ের সময় নুরগালিয়াভিচকে জড়িয়ে ধরেন রুশ প্রেসিডেন্ট। যার ভিডিও ছড়িয়ে পড়েছে সোশাল মিডিয়ায়। নেটিজেনদের মতে, তাঁর এই আলিঙ্গন করার 'স্টাইল' নাকি একেবারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মতো। দেশের সামরিক শক্তি প্রদর্শনে মোদি যুদ্ধবিমানে সওয়ার হয়েছিলেন। ইউক্রেন যুদ্ধ আবহে এদিন একই কাজ করেছেন পুতিনও।

তাতারস্তানের রাজধানী কাজানে বিমান নির্মাতা সংস্থা 'কাজান অ্যাভিয়েশন প্লান্ট'-এর রানওয়ে থেকে টিউ১৬০এম সুপারসনিক যুদ্ধবিমানে সওয়ার হয়েছিলেন পুতিন। পরমাণু বোমা বহনে সক্ষম এই আধুনিক যুদ্ধবিমান। প্রায় আধ ঘণ্টা আকাশে ওড়ার পর সেটি অবতরণ করে। সব কিছু খতিয়ে দেখার পর সুপারসনিক যুদ্ধবিমানটির প্রশংসা করেন পুতিন। বিশ্লেষকদের মতে, ইউক্রেন যুদ্ধে আমেরিকা-সহ পশ্চিম বিশ্বকে বিশেষ বার্তা দিতে চেয়েছেন পুতিন। রাশিয়ার পারমাণবিক ক্ষমতা সম্পর্কে সকলকে আরও একবার মনে করিয়ে দিয়েছেন তিনি।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
# সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ৫৪ সংখ্যা ২৫ ফেব্রুয়ারী, ২০২৪ রবিবার ১২ ফাল্গুন, ১৪৩০

## তৃনমুলের প্রকাশ্যে গোষ্ঠীদ্বন্দ্ব বিধায়ককে ঘিরে
# বিক্ষোভ,ধস্তাধস্তি ও হাতাহাতি



**আমিরুল ইসলাম, হরিশ্চন্দ্রপুর,মালদা : নিউজ সারাদিন** : সাংসদ মৌসুম বেনজীর নুরের সামনেই বিধায়ক নিহার রঞ্জন ঘোষকে ঘিরে বিক্ষোভ ও ধস্তাধস্তি।প্রকাশ্যেই একে অপরের সঙ্গে গন্ডগোলে জড়িয়ে পড়লো। নিহার অনুগামী এবং জেলা পরিষদের কৃষি কর্মাধ্যক্ষ রবিউল অনুগামীরা।কর্মী সমর্থকদের গন্ডগোলের জেরে এলাকা ছেড়ে পালাতে বাধ্য হলেন তৃনমূল নেতৃত্বরা।এমনই ঘটনা সামনে এলো হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের রশিদাবাদ গ্রাম পঞ্চায়েত এলাকায়। এমনকি এর পরে বরুই এবং কুশিদা এলাকাতে বিধায়ক নীহার রঞ্জন ঘোষ গেলে সেখানেও একই পরিস্থিতির লক্ষ্য করা যায়।কুশিদা অঞ্চলে প্রকাশ্যে রবিউল ইসলাম অনুগামী এবং নিহার রঞ্জন ঘোষ অনুগামীরা একে অপরের সঙ্গে বচসা এবং হাতাহাতিতে জড়িয়ে পড়ে। অভিযোগ গত পঞ্চায়েত নির্বাচনে চাঁচল বিধানসভার অন্তর্গত রশিদাবাদ, বরুই, কুশিদা এবং তুলসীহাটা এই চারটি অঞ্চল শাসকদলের হাত ছাড়া হয়ে যায়। তৃণমূল কর্মী সমর্থকদের একাংশের অভিযোগ এই হারের জন্য এলাকার বিধায়ক নীহার রঞ্জন ঘোষ দায়ী। তাই এদিন নিহারকে মৌসুমের পাশে দেখতে পেয়ে ক্ষোভে ফেটে পড়েন এলাকার তৃণমূল কর্মী সমর্থকদের একাংশ। যদিও গোটা ঘটনা অস্বীকার করেছে তৃণমূল নেতৃত্ব। লোকসভা ভোটের আগে দলের গোষ্ঠীকোন্দল প্রকাশ্যে চলে আসায় চরম অস্বস্তিতে শাসকদল। গোটা ঘটনার তীব্র সমালোচনা করেছে এলাকার বিজেপি নেতৃত্ব।স্থানীয় সূত্রে জানা গেছে শনিবার চাঁচল বিধানসভার অন্তর্গত হরিশ্চন্দ্রপুর থানা এলাকার রশিদাবাদ, বরুই ও কুশিদা এবং তুলসীহাটা অঞ্চলে ১০০ দিনের জব কার্ড হোল্ডারদের তথ্য সংগ্রহ করছিল শাসক শিবির। তুলসীহাটা অঞ্চল থেকে এই ক্যাম্প পরিদর্শন করার কথা ছিল মৌসুম নূর,নিহার ঘোষ,মর্জিনা খাতুন,রবিউল ইসলাম সহ একাধিক তৃণমূল নেতৃত্বের। কিন্তু দলীয় কর্মীদের একাংশের অভিযোগ রবিউল ঘনিষ্ঠরা মৌসুম নূরকে প্রথমে রশিদাবাদ গ্রাম পঞ্চায়েতে নিয়ে যান। এবং সেখান থেকেই রবিউল অনুগামীদের মদদেই নিহার রঞ্জন ঘোষ কে সামনে পেয়ে বিক্ষোভ দেখানো হয়। একই ঘটনার পুনরাবৃত্তি ঘটে কুশিদা গ্রাম পঞ্চায়েত এলাকাতেও। কুশিদা এলাকায় এই দুই নেতার অনুগামীরা একে অপরের সঙ্গে বচসা এবং হাতাহাতিতেও জড়িয়ে পড়েন। যদিও নীহার এবং মৌসুম দুজনেই এই ঘটনায় মুখে কুলুপ এঁটেছেন। রবিউলের দাবী দল বড় হয়েছে তাই একটু বিশৃঙ্খলা দেখা দিয়ে ছিল কিন্তু কোন ধস্তাধস্তি বা হাতাহাতি হয়নি।


## সম্পাদকীয়
### সন্দেশখালিতে পুলিশ ক্যাম্প খুলতেই সিরাজের বিরুদ্ধে জমা পড়ল অভিযোগ

স্থানীয়দের অভিযোগ গ্রহণের জন্য সন্দেশখালিতে পুলিশের ক্যাম্পে শেখ শাহজাহানের ভাই শেখ সিরাজউদ্দিনের বিরুদ্ধে জমা পড়ল মুঠো মুঠো নালিশ। শনিবার সকালে সন্দেশখালি ১ নম্বর ব্লকের বেড়মজুর ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের ঝুপখালি এলাকার কাঠপোল বাজারে ক্যাম্প করে পুলিশ। সেখানে বেলা ১২টা পর্যন্ত শেখ সিরাজউদ্দিনের নামে জমি দখলের ৪টি অভিযোগ জমা পড়েছে বলে জানা গিয়েছে।সন্দেশখালিতে বিঘার পর বিঘা জমি দখলের অভিযোগ উঠেছে শেখ সিরাজের বিরুদ্ধে। অভিযোগ, গায়ের জোরে ধানি জমি দখল করে ভেড়ি খুড়তেন তিনি। প্রতিবাদ করলে জমির মালিককে তুলে নিয়ে গিয়ে কোদালের বাট দিয়ে মারধর করত সিরাজের অনুগামীরা।শেখ সিরাজউদ্দিনের বিরুদ্ধে জমি দখলের অভিযোগে শুক্রবার উত্তপ্ত হয়ে ওঠে বেড়মজুর ১ গ্রাম পঞ্চায়েতের ঝুপখালি। তৃণমূল নেতা অজিত মাইতিকে বাড়ি গিয়ে ধোলাই দেন প্রতিবাদীরা। তাঁর বাড়ি ভাঙচুর হয় বলেও অভিযোগ। এর পরই সেখানে ক্যাম্প হবে বলে জানান পুলিশ আধিকারিকরা। শনিবার সকালে গ্রামের একাধিক জায়গায় বলে পুলিশ ক্যাম্প। সেখানে গিয়ে নথিপত্র জমা দিয়ে অভিযোগ দায়ের করেন গ্রামবাসীরা। জমা পড়া ৪টে অভিযোগের সবকটিই শেখ সিরাজের বিরুদ্ধে।

# বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)



আমরা সব ধর্মের মানুষ মনেপ্রাণে ঈশ্বর বিশ্বাস করি, অনেকেই ঈশ্বরকে মানে না কিন্তু বর্তমান ভারতবর্ষের তথা পৃথিবীজুড়ে ঈশ্বরের একটি প্রাকৃতিক শক্তি বিরাজমান, যাকে আমরা সুপ্রিয় শক্তি বলে অনেকেই ধারণা। তাকেই প্রার্থনা করলে মানুষের প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে রক্ষা করেন তিনি।এমন কথা অনেক মানুষের মুখেই শোনা যায়, "আমি অতিপ্রাকৃত শক্তিতে বিশ্বাস করি কারণ আমি এমন অনেক ঘটনার প্রত্যক্ষদর্শী যা পুরোপুরি অলৌকিক। আমার জীবনে এমন অনেক ঘটনা ঘটেছে যার ফলে আমি ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ পেয়ে গিয়েছি"। ভূত, জ্বিন, প্রেতাত্মা ইত্যাদির সাক্ষাৎ দর্শন পেয়েছেন, বা রাতের অন্ধকারে গায়েবি আওয়াজ শুনতে পেয়েছেন এমন মানুষের সংখ্যা মোটেও কম নয়। আমার অনেক বন্ধুই আছে যারা আমাকে অলৌকিক সব ঘটনার কাহিনী শোনায় এবং জিজ্ঞাসা করে, 'এর কি কোনো ব্যাখ্যা তোমার কাছে আছে?' সব মিরাকলের ব্যাখ্যা খুঁজতে যাওয়াটা সময় ও শ্রমের অপচয়। কিন্তু তারপরও কিছু মিরাকলের ব্যাখ্যা খুঁজে যেতে হয়। কোনো মিরাকল ঘটার পর সেটাকে এমন একটি সত্তার অস্তিত্বের প্রমাণ হিসেবে ব্যবহার করা হয় যেটি কিনা সর্বময় ক্ষমতার

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সন্ত রবি দাসের ৬৪৭ তম প্রকাশ পর্বে শোভাযাত্রা



**কলকাতা: নিউজ সারাদিন** : সমাজ থেকে অস্পৃশ্যতা ও বৈষম্য দূরীকরণের শিখা জ্বালিয়ে সাম্যের প্রসার ঘটানো 'মন চাঙ্গা তো কাঠোতি মে গঙ্গা'- উপদেশ জন জেন প্রসারিত করে মানুষ কে সচেতন করেন সন্ত রবি দাস। আজ ধুমধাম করে পালিত হলো সন্ত রবিদাসের ৬৪৭তম প্রকাশ উৎসব। আজ মেটিয়াবুর্জ গার্ডেনরিচে সন্ত রবিদাসের শোভাযাত্রা বের করা হয় যাতে হাজার হাজার ভক্ত ভক্তিভরে অংশগ্রহণ করেন। সাংবাদিকদের সাথে আলাপকালে উপরোক্ত তথ্য প্রদান করে মনোজ দাস বলেন, আজও আমরা গুরুর আদর্শ অনুসরণের সংকল্প পুনর্ব্যক্ত করেছি।এসময় উপস্থিত ছিলেন সমাজসেবক সুরদা বাহাদুর সোনার, দেবনন্দন দাস, শচীন রবিদাস, চেতন দাস প্রমুখ।

# সন্দেশখালিতে গিয়ে ক্ষোভের মুখে দুই মন্ত্রী,
# ইডির উপর দায় চাপিয়ে এলাকা ছাড়লেন সুজিত-পার্থ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ৫১ দিন ধরে নিঁখোজ শাহজাহান। হন্যে হয়ে খুঁজেও সন্দেশখালির দাপুটে তৃণমূল নেতার খোঁজ পাচ্ছে না ইডি-পুলিশ। তাঁর গ্রেফতারির দাবিতে ফুঁসছে গোটা গ্রাম। এই আবহে শনিবার সন্দেশখালিতে গিয়ে গ্রামবাসীদের ক্ষোভের মুখে পড়লেন রাজ্যের দুই মন্ত্রী সুজিত বসু এবং পার্থ ভৌমিক।প্রসঙ্গত, গত ৫ ফেব্রুয়ারি থেকে শিরোনামে উত্তম ২৪ পরগণার সন্দেশখালি। ওই দিন তৃণমূল নেতা শেখ শাহজাহানের বাড়িতে তল্লাশি করতে গিয়ে আক্রান্ত হন তিন ইডি আধিকারিক। তারপর থেকে নিঁখোজ শাহজাহান। গত ৯ ফেব্রুয়ারি থেকে নতুন করে উত্তপ্ত হয়ে ওঠে সন্দেশখালি। শাহজাহান ঘনিষ্ট শিবু হাজরা ও উত্তম সর্দারের গ্রেফতারের দাবিতে ক্ষোভে ফেটে পড়েন গ্রামবাসীরা। দীর্ঘদিন ধরে হয়ে চলা অত্যাচারের বিরুদ্ধে আন্দোলনে সামিল হন মহিলারা। অবশেষে সন্দেশখালি 'ত্রিভুজের' দুই অভিযুক্ত ধরা পড়ে গেলেও এখনও অধরা শাহজাহান।এদিন মন্ত্রীদের ঘিরে ধরে দীর্ঘদিনের ক্ষোভ উগড়ে দেন গ্রামের মহিলারা। পাল্টা শাহজাহানকে ধরার দায় ইডির ঘাড়ে চাপালেন তাঁরা। সঙ্গে রাজ্যের সেচমন্ত্রী পার্থ ভৌমিক বলেন, "কলকাতা হাইকোর্ট ইডির থেকে রাজ্য পুলিশকে শাহজাহানকে ধরার নির্দেশ দিলে ১০ দিনের মধ্যে গ্রেফতার করা হবে।

শনিবার সন্দেশখালিতে গ্রামবাসীদের সঙ্গে কথা বলতে যান রাজ্যের দুই মন্ত্রী সুজিত বসু এবং পার্থ ভৌমিক। তাঁদের সঙ্গে ছিলেন সন্দেশখালির বিধায়ক সুকুমার মাহাতো। সেচ দফতরের আধিকারিকদের নিয়ে তাঁরা বিভিন্ন এলাকা ঘোরেন। সন্ধের সময়ে এলাকা ছাড়ার আগে তাঁদের ঘিরে ধরেন গ্রামবাসীরা। মন্ত্রীদের কাছে নিজেদের অভিযোগ তুলে ধরেন গ্রামের মহিলারা। তাঁদের একটাই দাবি, শেখ শাহজাহানকে গ্রেফতার করতে হবে। পাল্টা শাহজাহানকে ধরার দায়িত্ব ইডির বলে জানান পার্থ ভৌমিক। গ্রামবাসীদের অভিযোগ শোনা হবে বলে আশ্বাস দেন মন্ত্রী সুজিত বসু। সন্দেশখালির কর্ণখালী এবং কাছারিপাড়ায় মূলত অভিযোগ উঠেছে। এলাকার খালের গতিপথ এবং খাস জমি বদলে দিয়ে মাছের ভেড়ি তৈরি করা হয়েছে বলেও অভিযোগ। আর সেই ভেড়ির জন্যই বদলে দেওয়া হয়েছে খালের গতিমুখ। গ্রামবাসীদের মুখে এমন অভিযোগও শোনা গিয়েছে যে, ঢালাই রাস্তা থেকে ইট তুলে বিক্রি করে মাটির রাস্তায় পরিণত করা হয়েছে। এছাড়াও গ্রামবাসীদের একাংশের অভিযোগ, তৃণমূল নেতা শেখ শাহজাহানের সঙ্গী শিবপ্রসাদ হাজরা এবং উত্তম সর্দারের ইন্ধনে দীর্ঘদিন ধরে নির্যাতন চলত সন্দেশখালিতে। রাতবিরেতে ডেকে পাঠানো হতো মহিলাদের। সংবাদমাধ্যমে উঠে এসেছে আরও নানান নিন্দনীয় ঘটনা।

জেলা প্রশাসনের আধিকারিকদের সঙ্গে ঘুরে এদিন সুজিত বসু এবং পার্থ ভৌমিক সে সব অভিযোগ খতিয়ে দেখেছেন। ২০ দিনের মধ্যে সমস্যার সমাধানের আশ্বাস দিয়েছেন সুজিত বসু। মন্ত্রী বলেন, "সব অভিযোগ শুনছি। অপরাধ হয়ে থাকলে তার শাস্তি হবে।"সন্দেশখালির ক্ষোভ সামলাতে গিয়ে এদিন ক্ষোভের মুখে পড়েন সুজিত ও পার্থ ভৌমিক। সাংবাদিকদের মুখোমুখি হয়ে পরে সেচমন্ত্রী বলেন, "ইডি, রাজ্য পুলিশ, হাইকোর্ট গ্রামবাসীদের বোঝাতে পারিনি। শিবু, উত্তমকে রাজ্য পুলিশ গ্রেফতার করেছে। অভিযুক্ত সকলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।' অন্যদিকে, দমকলমন্ত্রী সুজিত বসু বলেন, 'ওঁরা বলেছেন দিদিকে সবটা জানাতে। আমি বলেছি জানিয়ে দেব।'

## সরস্বতী দেবী এক নামে দুটি অর্থ বহন করে চলেছে আজও



-: মৃত্যুঞ্জয় সরদার :-

আর ওই পাপের ফলে, কে বলতে পারে পরীক্ষার খাতাতেই হয়তো রেগেমেগে... নাহ থাক,প্রথম থেকে আমি জীবনে একটা জিনিস উপলব্ধি করেছি। মানুষকে নম্র এবং ভদ্র এবং সঠিক শিক্ষায় শিক্ষিত অবলম্বন করতে গিয়ে, ধর্ম বলে একটি শব্দ কে সামনে রেখে বেঁধে দেয়া হয়েছে বিভিন্ন নীতি। ধর্ম একান্ত ব্যক্তিগত নিজস্ব ধরে রাখার বিষয়বস্তু, ধর্মের মধ্যে মানুষের উন্নতির পথ ও চলার পথে ভাবমূর্তি তৈরি করে।

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

cinema TV

## 'তুফান' সিনেমায় শাকিব খানের নায়িকা মিমি চক্রবর্তী!



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ঢাকাই সিনেমার জনপ্রিয় নায়ক শাকিব খানকে নিয়ে প্রথমবারের মত সিনেমা বানাবেন তরুণ নির্মাতা রায়হান রাফী। সিনেমার নাম 'তুফান'। সিনেমাটি মুক্তি পাবে আসছে আগামী ঈদুল আযহায়। সিনেমার নাম ঘোষণা হলেও শাকিবের বিপরীতে কোন নায়িকা থাকবে তা এখন পর্যন্ত প্রকাশ করা হয়নি। তবে গুঞ্জন শোনা যাচ্ছে কলকাতার মিমি চক্রবর্তী হচ্ছেন শাকিবের 'তুফান' সিনেমার নায়িকা।

একাধিক সূত্রে জানা গেছে, শাকিবের বিপরীতে 'তুফান' সিনেমায় দেখা যাবে কলকাতার অভিনেত্রী মিমি চক্রবর্তীকে। আগামী মার্চে ভারতের রামুজিতে শুরু হবে সিনেমার শুটিং। এর আগে, রামোজি ফিল্ম সিটিতে সিনেমার জন্য বিশাল চারটি সেট তৈরি হয়েছে বলে জানান নির্মাতা। সেই সেটে তুলে ধরা হবে নব্বইয়ের দশকের বাংলাদেশকে।

রায়হান রাফী বলেন, 'বাংলাদেশে এর আগে কোনো সিনেমার এত বড় সেট নির্মিত হয়েছে বলে আমার জানা নেই। নব্বইয়ের দশকের বড় বড় তিনটি শহর পর্দায় তুলে আনব। দেখাব সেখানে ঘটে যাওয়া নানা ঘটনা। সেটটি নির্মাণ করতে অন্তত দুই মাস সময় লাগবে। প্রতিদিন প্রায় ১০০ মানুষ সেট নির্মাণের কাজে আছেন।'

গত বছর ১১ ডিসেম্বর রাজধানীর একটি পাঁচ তারকা হোটেলে অনুষ্ঠানের মাধ্যমে এ সিনেমার নাম ঘোষণা করা হয়। এ সময় সিনেমাটির নির্মাতা রায়হান রাফী বলেন, 'সুড়ঙ্গ' সিনেমার পর আমার অনেক বড় স্বপ্ন ছিল বড় আয়োজনে সিনেমা বানানোর। সেটা এবার পূরণ হতে যাচ্ছে। দেশের বড় সুপারস্টারের সঙ্গে কাজ করছি। এটা আমার অনেক বড় পাওয়া। বড় সুপারস্টারকে নিয়ে দেশের বড় সিনেমাটিই আমি উপহার দেব।'

'তুফান' প্রযোজনা করছে আলফা আই, চরকি এবং পশ্চিমবঙ্গের প্রযোজনা প্রতিষ্ঠান এসভিএফ। তবে নায়িকা ইস্যু এই তিন প্রযোজনা প্রতিষ্ঠানের কেউই এখন মন্তব্য করতে রাজি নয়। চলতি মাসেই সিনেমাটির শুট শুরু হচ্ছে ভারতে।

## নজর কাড়লেন আলিয়া



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অভিনয় গুণে অনেক আগেই নিজের জাত চিনিয়েছেন মহেশ কন্যা বলিউড তারকা আলিয়া ভাট। অভিনয়ের প্রতি যেমন যত্নশীল, তেমনি ফ্যাশনেও সচেতন এই নায়িকা। এবার তার প্রযোজিত 'পোচার' সিরিজের ট্রেইলার লঞ্চিং অনুষ্ঠানে হাজির হয়ে নজর কাড়লেন এই অভিনেত্রী।

'পোচার' সিরিজের নির্বাহী প্রযোজক আলিয়া ভাট। এতে অভিনয় না করলেও সিরিজটি নিয়ে দারুণ উচ্ছ্বসিত তিনি। ফলে তার এ উচ্ছ্বাসের অভিব্যক্তি ধরা দেয় চোখে-মুখে। তা ছাড়াও আলিয়ার পরনের প্যান্ট-স্যুটটি বিশেষভাবে নজর কেড়েছে। কারণ তার পরনের পোশাকটির মূল্য জানলে অনেকেই নড়েচড়ে বসবেন। সিয়াসাত ডটকম জানিয়েছে, আলিয়ার পোশাকটি ডিজাইন করেছেন এলি। তার ব্লেজারের মূল্য ২ হাজার ৭২৫ মার্কিন ডলার। আর প্যান্টের মূল্য ১ হাজার ৭২ ডলার। আরামদায়ক এ পোশাকের মোট মূল্য ৩ হাজার ৭৯৭ ডলার। বাংলাদেশি মুদ্রায় ৪ লাখ ১৬ হাজার টাকার বেশি। 'পোচার' নির্মাণ করেছেন রিচি মেহতা। বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন- নিমিষা, রোশান ম্যাথিউ প্রমুখ। আগামী ২৩ ফেব্রুয়ারি আমাজন প্রাইম ভিডিওতে মুক্তি পাবে 'পোচার'।





## ভারতের জনপ্রিয় অভিনেতা ঋতুরাজ সিং মারা গেছেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতীয় টেলিভিশনের অন্যতম পরিচিত মুখ ঋতুরাজ সিং মারা গেছেন। সোমবার রাতে হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৯ বছর।

বেশ কয়েক দিন ধরেই অসুস্থ ছিলেন অভিনেতা। অগ্ন্যাশয় সম্পর্কিত সমস্যায় ভুগছিলেন তিনি। চিকিৎসা চলছিল তার। সদ্য হাসপাতাল থেকে বাড়ি ফেরেন ঋতুরাজ। ফিরতেই সোমবার রাত ১২টা নাগাদ মারা যান তিনি।

তার মৃত্যুর খবর নিশ্চিত করেন বন্ধু অমিত বহেল। তিনি বলেন“হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ঋতুরাজের। দিন কয়েক আগে অগ্ন্যাশয়ের সমস্যা নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন ঋতুরাজ। বাড়িতেও ফিরেছিলেন। তবে শেষরক্ষা হল না।”

সম্প্রতি হিন্দি টেলিভিশনের অত্যন্ত জনপ্রিয় সিরিয়াল 'অনুপমা'-তে যশপালের চরিত্রে দেখা গেছে তাঁকে। তবে তার লম্বা ক্যারিয়ারে টেলিভিশনসহ একাধিক সিনেমায় দেখা গেছে তাকে। তিনি টেলিভিশনে 'বনেগি আপনি বাত', 'জ্যোতি', 'হিটলার দিদি', 'দিয়া অউর বাতি হম' সিরিয়ালে কাজ করেছেন। এ ছাড়াও আলিয়া ভাট, বরুণ ধওয়ানের সঙ্গে 'বদ্রীনাথ কি দুলহানিয়া' ছবিতেও নজর কেড়েছিলেন ঋতুরাজ। ছিলেন 'ইয়ারিয়া টু' ছবিতেও।

## 'ডন থ্রি' সিনেমায় কিয়ারা






**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অপেক্ষার অবসান ঘটিয়ে 'ডন' ফ্র্যাঞ্চাইজির তৃতীয় কিস্তি নির্মাণ করছেন পরিচালক ফারহান আখতার। তবে নতুন কিস্তিতে থাকছেন না শাহরুখ খান ও প্রিয়াঙ্কা চোপড়া। এরই মধ্যে সিনেমাটিতে যুক্ত হয়েছেন রণবীর সিং। এবার যুক্ত হলেন কিয়ারা আদভানি। এক্সে (টুইটার) একটি ভিডিও পোস্ট করে এ ঘোষণা দিয়েছেন ফারহান আখতার।


কিয়ারা আদভানি এ তথ্য নিশ্চিত করে এক্সে একটি পোস্ট দিয়েছেন। এ অভিনেত্রী তাতে লেখেন, 'আইকনিক ডন ফ্র্যাঞ্চাইজির অংশ হতে পেরে এবং চমৎকার একটি দলের সঙ্গে কাজের সুযোগ পেয়ে আমি রোমাঞ্চিত। উত্তেজনাপূর্ণা এই যাত্রা শুরু করার আগে আপনাদের ভালোবাসা ও সমর্থন প্রত্যাশা করছি।' অন্যদিকে ফারহান আখতার একটি ভিডিও পোস্ট করে কিয়ারাকে স্বাগত জানিয়েছেন।

কিয়ারা আদভানি 'ডন' সিনেমায় কোন চরিত্রে অভিনয় করবেন, সে বিষয়ে কিছু জানাননি। ইন্ডিয়া টুডে জানিয়েছে, সিনেমাটির প্রধান নারী চরিত্রে অভিনয় করবেন কিয়ারা। অর্থাৎ রণবীর সিংয়ের বিপরীতে দেখা যাবে এই অভিনেত্রীকে।

ডন ফ্র্যাঞ্চাইজির প্রথম সিনেমা মুক্তি পায় ২০০৬ সালে। এরপর ৫ বছরের বিরতি নিয়ে মুক্তি পায় 'ডন-টু'। দু'টিতেই কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেন শাহরুখ খান। ডন ফ্র্যাঞ্চাইজির প্রযোজনায় ছিল ফারহান আখতার ও রিতেশ সিধওয়ানির প্রযোজনা প্রতিষ্ঠান এক্সেল এন্টারটেইনমেন্ট। বরাবরের মতো এক্সেল এন্টারটেইনমেন্টের ব্যানারে নির্মিত হচ্ছে 'ডন থ্রি'।



## আসছে 'পাঠান-২',



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** গেল বছর 'পাঠান' সিনেমা দিয়ে ফেরার গল্প লিখেছিলেন শাহরুখ খান। বিশ্বব্যাপী সিনেমা হলগুলোতে তাণ্ডব চালিয়েছিল সিনেমাটি। এরপর থেকেই সিনেমাটির দ্বিতীয় কিস্তির অপেক্ষায় ছিলেন অনুরাগীরা। এবার অপেক্ষার অবসান ঘটছে। চলতি বছরেই 'পাঠান' নিয়ে ফের চমক দিতে চলেছেন শাহরুখ খান ও আদিত্য চোপড়া। ভারতীয় সংবাদমাধ্যমের এক প্রতিবেদনে উঠে এসেছে তথ্যটি।

সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, 'পাঠান' সিনেমার সিক্যুয়েলের চিত্রনাট্য ইতিমধ্যেই তৈরি। শোনা যাচ্ছে, বছর শেষেই নাকি শুটিং শুরু করে দেবেন 'পাঠান ২' টিম। 'পাঠান ২' হবে যশরাজ ব্যানারে তৈরি স্পাই ইউনিভার্সের অষ্টম সিনেমা। সিনেমাটিতে দীপিকা পাড়ুকোন তো থাকছেনই, দেখা যেতে পারে আলিয়া ভাটকেও। এমনকী, ইন্ডাস্ট্রি সূত্রে খবর, টাইগার-এর জোয়া অর্থাৎ ক্যাটরিনাকেও চিত্রনাট্যে জায়গা দেবেন পরিচালক সিদ্ধার্থ আনন্দ। তবে খলনায়কের চরিত্রে এবার আর জন আব্রাহম নন, বরং আরও বড় চমক দেবেন আদিত্য চোপড়া।

যশরাজ ফিল্মসের স্পাই ইউনিভার্সের সপ্তম সিনেমা ছিল 'পাঠান'। সিনেমাটিতে শাহরুখের বিপরীতে ছিলেন দীপিকা। গত বছরের ২৫ জানুয়ারি মুক্তি পায় সিনেমাটি। গোটা বিশ্বে 'পাঠান' সিনেমার ঝুলিতে আয় ১০০০ কোটি টাকা। আর ভারতের বক্স অফিসে ৫৪০ কোটি টাকা রোজগার করে সিনেমাটি। সেই সাফল্যকে সঙ্গে নিয়েই এবার 'পাঠান ২' তৈরি করতে প্রস্তুত আদিত্য ও শাহরুখ খান।

২৬০ কোটি টাকা ব্যয়ে নির্মিত হয় 'পাঠান'। ভারতের সাড়ে ৫ হাজার হলসহ বিদেশের আড়াই হাজার পর্দায় মুক্তি পায় সিনেমাটি। এটি নির্মাণ করেন সিদ্ধার্থ আনন্দ। সিনেমাটির অন্যান্য চরিত্রে অভিনয় করেন জন আব্রাহাম, ডিম্পল কাপাডিয়া, আশুতোষ রানা, গৌতম, একতা কৌর।

# অবশেষে হংকংয়ে না খেলার বিষয়ে যা জানালেন মেসি



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** দুই সপ্তাহ আগে মেজর লিগ সকার প্রাক-মৌসুম প্রস্তুতি ম্যাচে হংকংয়ের বিপক্ষে লিওনেল মেসিকে খেলানো হয়নি। বিষয়টি নিয়ে স্থানীয় জনগণের মধ্যে ব্যাপক সমালোচনার জন্ম হয়। ইনজুরির কারণে মেসিকে খেলানো না হলেও রাজনৈতিক ভাবে চীনকে খাটো করার কারণেই এমনটি করা হয়েছে বলে দাবি উঠেছে। আটবারের ব্যালন ডি'অর বিজয়ী মেসির জন্য চাইনিজ সমর্থকদের মধ্যে অন্য ধরনের এক উত্তেজনা কাজ করে। কিন্তু গত ৪ ফেব্রুয়ারি হংকং একাদশের বিপক্ষে প্রাক-মৌসুম প্রীতি ম্যাচটিতে ইন্টার মিয়ামির বদলী বেঞ্চে মেসিকে দেখে সমর্থকরা দারুণ ক্ষুব্ধ হয়। ম্যাচের প্রায় ৪০ হাজার টিকেট নিমিষেই শেষ হয়ে গিয়েছিল। এমনকি এক হাজার হংকং ডলার ব্যয় করেও ৩৬ বছর বয়সী মেসির খেলা দেখতে অনেকেই মাঠে ছুটে এসেছিল। কিন্তু শেষ পর্যন্ত প্রিয় ভক্তকে দেখতে না পেয়ে মিয়ামি কোচ জেরার্ডো মার্টিনো ও মালিক ডেভিড বেকহ্যামকে উদ্দেশ্য করে দুয়োধ্বনি দিতে থাকে। তারা টিকেটের অর্থও ফিরিয়ে দিতে আয়োজকদের কাছে দাবি জানায়। মেসির অনুপস্থিতিতে অনেকেই চীনকে খাটো করার বিষয়টি সামনে নিয়ে এসেছে। কয়েকদিন পর জাপানে প্রীতি ম্যাচে মেসি ৩০ মিনিটের জন্য মাঠে নেমেছিলেন।

কিন্তু সব সমালোচনাকে উড়িয়ে দিয়ে চীনের সামাজিক যোগাযোগ মাধ্যম ওয়েইবোতে এক ভিডিও পোস্টে মেসি বলেছেন, 'সবাই জানে আমি সবসময়ই প্রতি ম্যাচে খেলতে চাই। এমন যদি আগে থেকে জানা থাকতো যে মূল দলে আমি থাকতে পারছি না তবে হয়তোবা হংকং সফরে দলের সাথে যেতাম না। এখানে রাজনৈতিক কোনো কারণই নেই।'

একইসাথে তিনি ভিডিওতে আরও বলেছেন, চীনের সাথে তার অত্যন্ত ভাল ও ঘনিষ্ট সম্পর্ক রয়েছে। শুধুমাত্র ইনজুরিই তার না খেলার মূল কারণ। এ্যাবডাক্টর পেশীর ইনজুরির কারণে তিনি খেলতে পারেননি। মেসির এই ভিডিও বার্তা পোস্টের সাথে সাথেই সমর্থকরা দ্রুত তাদের প্রতিক্রিয়া জানিয়েছেন। কেউ কেউ মেসিকে সমর্থন জানিয়েছেন। তবে অনেকেই আবার মেসির না খেলার বিষয়টি কোনোভাবেই মেনে নিতে পারেননি।

## আইপিএলে ফিরছেন পান্ত



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভয়াবহ গাড়ি দুর্ঘটনায় প্রাণ নিয়ে ঝুঁকিতে পড়ার পর স্বাভাবিক অবস্থায় ফিরতে দীর্ঘ সময় লেগেছে ঋষভ পান্তের। এখন অপেক্ষা মাঠে ফেরার। আসন্ন আইপিএল দিয়ে মাঠে ফিরতে এই উইকেটরক্ষক ব্যাটসম্যান ইতোমধ্যে একটি প্রস্তুতি ম্যাচও খেলেছেন। আইপিএলে তার কাঁধেই থাকছে দিল্লি ক্যাপিটালসের অধিনায়কত্ব, তবে কমছে একটি দায়িত্ব। বিসিসিআই সূত্রের বরাত দিয়ে ভারতীয় সংবাদমাধ্যমগুলো এমনটাই জানিয়েছে। দিল্লির প্রধান কোচ এবং অস্ট্রেলিয়ার সাবেক অধিনায়ক রিকি পন্টিং এর আগেই বলেছিলেন যে পান্তকে ২০২৪ আইপিএলে দেখা যাবে। তবে তার উইকেটকিপিং করা কঠিন হবে এবং নেতৃত্ব ফিরে পাওয়ার সম্ভাবনাও কম বলে উল্লেখ করেছিলেন পন্টিং। এবার বিষয়টি আংশিক সত্য হতে যাচ্ছে বলে জানিয়েছে ক্রিকবাজ।

ক্রীড়াভিত্তিক ওয়েবসাইটটি বলছে, ঋষভ পান্তও বেঙ্গালুরুর আলুরে অনুষ্ঠিত প্রস্তুতি ম্যাচে অংশ নিয়েছেন এবং নিজের ম্যাচ ফিটনেস ফিরে পেয়েছেন তিনি। গাড়ি দুর্ঘটনার পর এটি তার প্রথম ম্যাচ। একইসঙ্গে ১৫ মাস পর এই তারকা ক্রিকেটারের মাঠে প্রত্যাবর্তন। বিসিসিআই ও দিল্লি ফ্র্যাঞ্চাইজির ঘনিষ্ঠ সূত্রগুলো জানিয়েছে- এর মাধ্যমে আগামী আইপিএলে পান্তকে দেখা যাওয়ার নিশ্চয়তা পাওয়া গেল। তবে তিনি উইকেটকিপিং করবেন না। এখনও বেঙ্গালুরুর ন্যাশনাল ক্রিকেট একাডেমিতে (এনসিএ) রিহ্যাব করছেন পান্ত। গত মাসে তিনি নিজেই চিকিৎসার জন্য লন্ডনে গিয়েছিলেন।

প্রতিবেদনে আরও বলা হয়, বিসিসিআই এবং দিল্লির সূত্রগুলো ২৬ বছর বয়সী এই ক্রিকেটার আইপিএলেও নেতৃত্ব দেবেন বলে ইঙ্গিত দিয়েছে। পাশাপাশি পান্ত সেখানে কেবল পুরোদস্তুর ব্যাটসম্যান হিসেবে ফিরতে চলেছেন, উইকেটরক্ষকের দায়িত্ব অন্য একজন খেলোয়াড়কে সামলাতে হবে।

## চরম হতাশায় ভুগছেন আলভেজ



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ব্রাজিলের অন্যতম সেরা রাইটব্যাক দানি আলভেজ ভালো নেই। পানশালায় এক নারীকে ধর্ষণের মামলায় স্প্যানিশ জায়ান্ট বার্সেলোনার সাবেক এই ডিফেন্ডারের বর্তমান ঠিকানা হয়েছে জেলখানা। রায়ের প্রহর গুনছেন ৪০ বছর বয়সী এই ফুটবলার। দোষী সাব্যস্ত হলে হতে পারে দশ বছরের জেলও। আর এ কারণে চরম হতাশায় কাটছে আলভেজের জীবন।

হতাশার মাত্রা এমন পর্যায় পৌঁছে যে, স্পেনের জেলখানাতেই নাকি আত্মহত্যা পর্যন্ত করতে পারেন আলভেজ। এমনও খবর শোনা গেছে। স্প্যানিশ টিভি চ্যানেল 'টেলেসিনকো'র অনুষ্ঠান 'ফিয়েস্তা'কে এমন কথা জানিয়েছেন কারাগারে ব্রাজিলিয়ান তারকার সঙ্গেই সাজা খাটতে থাকা আরেক কয়েদি।

কারাগারে থাকা সেই কয়েদি জানিয়েছেন, আলভেজ যে কোনো সময়ে আত্মহত্যা করতে পারেন। বার্সেলোনার সাবেক রাইটব্যাকের এই শঙ্কার কারণে 'অ্যান্টি সুইসাইড প্রটোকল' চালু করেছে দেশটির জেল কর্তৃপক্ষ।

## পুত্র সন্তানের বাবা-মা হলেন কোহলি-আনুশকা দম্পতি



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** দ্বিতীয় সন্তানের জন্ম দিলেন আনুশকা শর্মা। বাবা হলেন বিরাট কোহলি। তিন বছর আগে ২০২১ সালের ১১ জানুয়ারি কন্যা সন্তানের জন্ম দিয়েছিলেন অভিনেত্রী। তিন বছর পর 'বিরুষ্কা'-র (বিরাট এবং আনুশকা একসঙ্গে এই নামেই ডাকেন ভক্তরা) সংসারে এল দ্বিতীয় সন্তান। গত ১৫ ফেব্রুয়ারি জন্ম হয়েছে তাদের পুত্র সন্তানের। সমাজমাধ্যমে সন্তান জন্মের কথা জানিয়েছেন আনুশকা।

বেকিছু দিন ধরেই জল্পনা ছিল অনুষ্কা দ্বিতীয় সন্তানের জন্ম দিতে চলেছেন। ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজ় থেকে বিশ্রাম নিয়েছিলেন বিরাট। সেই সময় মনে করা হয়েছিল স্ত্রীয়ের পাশে থাকার জন্যই ভারতীয় ক্রিকেট বোর্ডের কাছে ছুটি নিয়েছিলেন তিনি। সেই জল্পনা আরও উস্কে দেন বিরাটের সতীর্থ এবং অন্যতম প্রিয় বন্ধু এবি ডি ভিলিয়ার্স।

দক্ষিণ আফ্রিকার প্রাক্তন ক্রিকেটার একটি ভিডিওতে বলেন, আমি বিরাটের সঙ্গে কথা বলছিলাম। তখনই জানতে পারি, আনুশকা দ্বিতীয় বার মা হতে চলেছে। তাই এই সময় ওর পাশে থাকা বিরাটের কর্তব্য। ক্রিকেটার হলেও পরিবার সব থেকে বেশি গুরুত্বপূর্ণ। সবাই সেটাই করে। বিরাটও করছে। এর জন্য ওর ক্রিকেটের প্রতি ভালবাসা নিয়ে প্রশ্ন করার কোনও মানে নেই।

## পাঁচ বছরের জন্য রিয়ালে এমবাপ্পে?



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি) ছেড়ে পাঁচ বছরের জন্য রিয়াল মাদ্রিদে যোগ দিয়েছেন কিলিয়ান এমবাপ্পে। যদিও আনুষ্ঠানিক ঘোষণা আসেনি। তবে স্প্যানিশ সংবাদ মাধ্যমে প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায় ইতোমধ্যে রিয়ালের সঙ্গে তার চুক্তি সম্পন্ন হয়ে গেছে। এবং দুই সপ্তাহ আগে রিয়াল মাদ্রিদের চুক্তিতে স্বাক্ষর করেন তিনি। আগামী জুলাই মাসে পিএসজির সঙ্গে এমবাপ্পের চুক্তির মেয়াদ শেষ হবে। তাতে করে ফ্রি এজেন্ট হিসেবেই রিয়ালে যোগ দিবেন তিনি। জানা গেছে পাঁচ বছরের জন্য মাদ্রিদের ক্লাবটির সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছেন তিনি। অর্থাৎ ২০২৪ সালের জুলাই থেকে ২০২৯ সালের জুন পর্যন্ত।

প্রথমে ধারনা করা হচ্ছিল এমবাপ্পে হবেন রিয়ালের সর্বোচ্চ বেতনভূক্ত খেলোয়াড়। প্রতি মৌসুমে পাবেন ১২ থেকে ১৭ মিলিয়ন পাউন্ড। তাতে জুদে বেলিংহ্যাম ও ভিনিসিউস জুনিয়রকে ছাড়িয়ে যাবেন তিনি। কিন্তু এখন জানা যাচ্ছে শুরুতেই তেমনটি হচ্ছে না। তিনি কিছুটা কম পাবেন। অবশ্য পিএসজিতে তিনি প্রতি মৌসুমে পেতেন ২২ মিলিয়ন পাউন্ড। এর সঙ্গে ছিল অন্যান্য আয়ের সুযোগ। সেক্ষেত্রে রিয়ালে এসে তার বেতন হয়ে যাচ্ছে অর্ধেক! এদিকে তাকে দলে নিতে রিয়ালকে ৮৫.৫ মিলিয়ন পাউন্ড সাইনিং ফি দিতে হবে।

## কলিঙ্গতে আটকে গেল দাপুটে মোহনবাগান



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** এগারো ম্যাচ অপরাজিত ছিল ওডিশা এফসি। ইন্ডিয়ান সুপার লিগে তাদের শেষ ম্যাচ ছিল এফসি গোয়ার বিরুদ্ধে। সেই ম্যাচ ১-১ ড্র করেছিল। দীর্ঘ দিন বিশ্রাম পেয়েছেন ওডিশা এফসি ফুটবলাররা। উল্টোদিকে আজ ছিল আন্তোনিও লোপেজ হাবাসের মোহনবাগান। জয়ের হ্যাটট্রিকে আত্মবিশ্বাসের তুঙ্গে ছিল সবুজ মেরুন শিবির। কলিঙ্গ স্টেডিয়ামে শুরু থেকেই টানটান উত্তেজনার ম্যাচ। যদিও কেউ কাউকে ছাপিয়ে যেতে পারল না। শেষ অবধি গোলশূন্য ড্র। তবে টুর্নামেন্টের অন্যতম সেরা ম্যাচ বলাই যায়। আরও একটা লড়াইয়ে নজর ছিল এই ম্যাচে। এ মরসুমের শুরু থেকে মোহনবাগান সুপার জায়ান্টের টেকনিক্যাল ডিরেক্টর পদে ছিলেন আন্তোনিও লোপেজ হাবাস। ফেরান্দো বিদায়ের পর কোচের দায়িত্ব নিয়েছে। তবে কলকাতার ফ্র্যাঞ্চাইজি টিমের সঙ্গে তাঁর সম্পর্ক দীর্ঘ সময়ের। নাম যদিও আলাদা ছিল। আর হাবাসের কোচিংয়ে দীর্ঘ দিন খেলেছেন রয় কৃষ্ণা। মোহনবাগানের এই প্রাক্তনী এখন খেলেন ওডিশা এফসিতে। হাবাসের কোচিংয়ে দীর্ঘ সময় খেললেও প্রথম বার হাবাসের বিরুদ্ধে খেললেন। যদিও গুরুর পরিকল্পনার কাছে আটকে গেলেন আইএসএলের ইতিহাসে অন্যতম সেরা বিদেশি রয় কৃষ্ণা।

সেরা ম্যাচ, রুদ্ধশ্বাস যাই বলা হোক, আপশোস থাকবে দু-দলেরই। তবে সবচেয়ে বেশি আপশোসের কথা মোহনবাগান সমর্থকদের। প্রথমার্ধেই এগিয়ে যেতে পারত সবুজ মেরুন। হয়তো ম্যাচের নির্ণায়ক হয়ে দাঁড়াত সেই মুহূর্ত। ম্যাচের ৩৩ মিনিটে অনবদ্য বল ছাড়েন সাহাল আব্দুল সামাদ। আর্মান্দো সাদিকু ও গোলের মাঝে শুধুই অমরিন্দর। সাদিকুর কাছে দুর্দান্ত সুযোগ ছিল দলকে এগিয়ে দেওয়ার। আর একটু সময় নিলে হয়তো সেটা পারতেন। দ্রুত শট নেন। ওডিশা এফসির অভিজ্ঞ গোলকিপার অমরিন্দর সিং পা স্ট্রেচ করে সাদিকুর শট বাঁচিয়ে দেন। বলা ভালো বাঁচিয়ে দেন ওডিশা এফসিকেও।

## হলান্ডের গোলে লিগ টেবিলে দ্বিতীয় স্থানে ম্যানচেস্টার সিটি



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** দারুণ সব আক্রমণ করেও প্রতিপক্ষের দেয়াল ভাঙতে পারছিল না ম্যানচেস্টার সিটি। প্রতিকূল পরিস্থিতিতে দারুণ নৈপুণ্যে ব্যবধান গড়ে দিলেন আর্লিং হলান্ড। ব্রেন্টফোর্ডকে হারিয়ে লিগ টেবিলে দ্বিতীয় স্থানে উঠল টানা তিনবারের চ্যাম্পিয়নরা। ইতিহাদ স্টেডিয়ামে ২০ ফেব্রুয়ারি রাতে প্রিমিয়ার লিগের ম্যাচে ১-০ গোলে জিতেছে পেপ গুয়ার্দিওলার দল। সিটির এই জয়ে শিরোপা লড়াইয়ে যোগ হলো নতুন মাত্রা। শীর্ষে থাকা লিভারপুলের সঙ্গে তাদের এখন ব্যবধান মাত্র ১ পয়েন্টের।

ম্যাচের শুর থেকেই প্রতিপক্ষের ওপর চাপ তৈরি করে সিটি। বল দখলে রেখে শাণাতে থাকে আক্রমণ। তবে তেমন কোনো উল্লেখযোগ সুযোগ তৈরি করতে পারছিল না তারা। প্রথম ১৫ মিনিটে আর্লিং হলান্ডের একটি শটই কেবল লক্ষ্যে ছিল, যদিও তা অনায়াসে ঠেকিয়ে দেন গোলরক্ষক।

ষোড়শ মিনিটে বিপদে পড়তে পারত শিরোপাধারারী। দারুণ এক পাল্টা আক্রমণে প্রতিপক্ষের ডিফেন্ডারদের পেছনে ফেলে ডি-বক্সে ঢুকে পড়েন ফ্র্যাঙ্ক ওনেয়াকা। তবে, শেষ মুহূর্তে গোলরক্ষক বরাবর দুর্বল শটে হতাশ করেন তিনি। তিন মিনিট পর আইভান টনির দূর থেকে নেওয়া শট ক্রসবার ঘেঁষে বেরিয়ে গেলে ফের বেঁচে যায় সিটি।

৩৩তম মিনিটে এগিয়ে যাওয়ার সুবর্ণ সুযোগ নষ্ট হয় সিটির। কাইল ওয়াকারের হেড কাটব্যাক দারুণ পজিশনে পেয়েও লক্ষ্যভ্রষ্ট হেড করেন বের্নার্দো সিলভা। পরের কয়েক মিনিটে ব্রেন্টফোর্ডের ওপর দিয়ে যেন ঝড় বইয়ে যায়। তবে অসাধারণ দুটি সেভ করে জাল অক্ষত রাখেন গোলরক্ষক মার্ক ফ্লেকেন। মানুয়েল আকনজির দূরপাল্লার শটে কোনোমতে এক হাত দিয়ে বল ক্রসবারের ওপর দিয়ে পাঠান তিনি, পরের মিনিট রুবেন দিয়াসের হেডও দারুণ ক্ষিপ্রতায় রুখে দেন ফ্লেকেন। পরক্ষণেই অস্কার ববের শট গোললাইন থেকে ফেরান ডিফেন্ডার বেন মি।

বিরতির পর সিটির খেলায় গতি কিছুটা কমে। টানা আক্রমণ করলেও তেমন ভীতি ছড়াতে পারছিল না তারা। অবশেষে ৭১তম মিনিটে কাঙ্ক্ষিত গোল পেয়ে যায় দলটি। দারুণ এক প্রতি-আক্রমণে মাঝমাঠ থেকে বল পায়ে দ্রুত এগিয়ে ডি-বক্সের বাইরে থেকে নিচু শটে গোলরক্ষককে পরাস্ত করেন হলান্ড।

প্রিমিয়ার লিগের ইতিহাসে দ্বিতীয় খেলোয়াড় হিসেবে একাধিক দলের বিপক্ষে মাঠে নেমে সব প্রতিপক্ষের জালে বল পাঠানোর কীর্তি গড়লেন নরওয়ের এই তারকা (২১/২১)। প্রথম জন হ্যারি কেইন; ৩২ দলের বিপক্ষে খেলে সবার বিপক্ষেই গোল করেছেন বর্তমানে বায়ার্ন মিউনিখের খেলা এই ইংলিশ স্ট্রাইকার।

গত আসরের সর্বোচ্চ গোলদাতা হলান্ড এবারও তালিকায় শীর্ষে আছেন, তার গোল হলো ১৭টি। সব প্রতিযোগিতা মিলিয়ে মৌসুমে ২২টি। খানিক পর ওয়াকারের হেড পাস ধরে আবারও জালে বল জড়ান হলান্ড। তবে ওয়াকার অফসাইডে থাকায় ব্যবধান বাড়েনি।

যোগ করা সময়ের প্রথম মিনিটে গোল পেতে পারতেন ফিল ফোডেন। এ মাসের শুরুতে প্রথম দেখায় ব্রেন্টফোর্ডের জালে হ্যাটট্রিক করা ইংলিশ মিডফিল্ডারের এবারের প্রচেষ্টা ঝাঁপিয়ে কর্নারের বিনিময়ে ঠেকান গোলরক্ষক।

বাকিটা সময়ে ব্যবধান ধরে রেখে আসরে ১৭তম জয় নিয়ে মাঠ ছাড়ে সিটি। ২৫ ম্যাচে তাদের পয়েন্ট হলো ৫৬। শীর্ষে লিভারপুলের পয়েন্ট ৫৭। এক ধাপ পিছিয়ে ৫৫ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে আর্সেনাল। শীর্ষ চারের অন্য দল অ্যাস্টন ভিলার পয়েন্ট ৪৯। ২৫ পয়েন্ট নিয়ে ১৪ নম্বরে আছে ব্রেন্টফোর্ড।

## জার্মানিকে ১৯৯০ বিশ্বকাপ জেতানো ব্রেমা মারা গেছেন



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** জার্মানির তারকা ফুটবলার আন্দ্রেস ব্রেমা আর নেই। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৩ বছর। ১৯৯০ সালের ফুটবল বিশ্বকাপের ফাইনালে একমাত্র গোল করেছিলেন আন্দ্রেস ব্রেমা। তার গোলেই দিয়েগো মারাদোনার আর্জেন্টিনাকে হারিয়ে বিশ্বকাপ জিতেছিল পশ্চিম জার্মানি।সেই সঙ্গে মারাদোনার স্বপ্ন ভেঙে দিয়েছিলেন ব্রেমা।

জার্মান প্রেস এজেন্সি জানিয়েছে, মঙ্গলবার হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে নিজের বাড়িতেই মৃত্যু হয়েছে ব্রেমার। কিংবদন্তি ফুটবলারের প্রয়াণে শোকের ছায়া ফুটবল মহলে। প্রাক্তন ও বর্তমান ফুটবলারেরা সমাজমাধ্যমে তার স্মৃতিচারণা করেছেন।

ব্রেমার জীবনের সেরা মুহূর্ত ১৯৯০ সালের বিশ্বকাপ ফাইনালে পেনাল্টি থেকে গোল। মূলত লেফ্‌ট ব্যাক বা মিডফিল্ডারের জায়গায় খেললেও গোল করতে পারতেন ব্রেমে। বিশেষ করে ফ্রি কিক বা পেনাল্টি নেওয়ার দায়িত্ব থাকতো তার উপর। সেমিফাইনালে বব রবসনের ইংল্যান্ডকে হারানোর পরে ফাইনালে আর্জেন্টিনাকে হারিয়ে বিশ্বচ্যাম্পিয়ন হয়েছিল পশ্চিম জার্মানি।

১৯৮৪ থেকে ১৯৯৪ সাল পর্যন্ত পশ্চিম জার্মানির হয়ে খেলেছিলেন ব্রেমে। ক্যারিয়ারে তিনটি বিশ্বকাপ (১৯৮৬, ১৯৯০, ১৯৯৪) ও তিনটি ইউরো কাপ (১৯৮৪, ১৯৮৮, ১৯৯২) খেলেছিলেন তিনি। ১৯৮৪ সালের গ্রীষ্মকালীন অলিম্পিকও খেলেছিলেন। ১৯৮৪ সালের ইউরোর সেরা ফুটবলার হয়েছিলেন ব্রেমা। পশ্চিম জার্মানির হয়ে ৮৬টি ম্যাচে ৮টি গোল করেছেন তিনি। ক্লাব ফুটবলেও বায়ার্ন মিউনিখ, ইন্টার মিলানের মতো ক্লাবের হয়ে খেলেছিলেন এই ফুটবলার।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR